



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

পুন: বিজ্ঞপ্তি

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/৫১৯

তারিখ: ০৬-১০-২০২২খ্রি.

বিষয় : ২০২২ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত বাদ পড়া শিক্ষার্থীদের অনলাইনে নিবন্ধনকরণ সহ ইত:পূর্বে ৮ম/২০২২ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তথ্য সংশোধন, সংযোজন, বিয়োজন সহ প্রয়োজনীয় তথ্যাদি অনলাইনে সংশোধনকরণ প্রসঙ্গে।

অত্র বোর্ডের আওতাধীন স্বীকৃতিপ্রাপ্ত ও পাঠদানের অনুমতিপ্রাপ্ত (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, ২০২২ সালের ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম ইত:পূর্বে শেষ হয়েছে। এর মধ্যে বাদ পড়া শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে যে সমস্ত শিক্ষার্থী নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে পারেনি বা অন্য কোন কারণে বাদ পড়েছে সে সকল শিক্ষার্থীদের মানবিক দিক বিবেচনা করে অনলাইনে তথ্য আপলোড সহ নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে হবে। এছাড়া ইত:পূর্বে নিবন্ধনকৃত শিক্ষার্থীদের যাবতীয় সংশোধন, সংযোজন, বিয়োজন সহ প্রয়োজনীয় তথ্যাদি অনলাইনে সংশোধন করার জন্য সতর্কতা অবলম্বন করতে হবে।

সংশোধনের ক্ষেত্রে যে সতর্কতা অবলম্বন করতে হবে।

ক) সর্বোচ্চ সতর্কতার সাথে ডাটা সংশোধন করতে হবে। অন্যথায় সামগ্রীক ক্ষেত্রে কোন সমস্যার সৃষ্টি হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ-

নিবন্ধনকরণ সংশোধন, সংযোজন ও বিয়োজন ইত্যাদির সময়সীমা ১১/১০/২০২২খ্রি. তারিখ হতে ২৫/১০/২০২২খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।



মোঃ সিরাজুল ইসলাম

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

মোবাইল-০১৭৩৩-২২২০০৫

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক

এ বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান  
(নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক)

স্মারক সংখ্যা-বিনি/বিজ্ঞপ্তি/৭৪/২/৫১৯(১-৭)

তারিখ: ০৬-১০-২০২২খ্রি.

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ১। জেলা প্রশাসক, বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বোর্ডের আওতাধীন সকল উপজেলা
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর(ওয়েবসাইটে পত্রটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)
- ৭। সংরক্ষণ নথি।



মোঃ জাহাঙ্গীর আলম

উপ-বিদ্যালয় পরিদর্শক(নিবন্ধন)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

মোবাইল-০১৯১৪-৮২৮৮৫২